গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেতাগী,বরগুনা।
(ত্রাণ শাখা)

স্মারক নং ঃ ৫১.০১.৪১০৪.০০০.১৯.০০২.২০/২৪২ তারিখঃ ১২/০৭/২০২০ খ্রিঃ

বিষয় ঃ পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে বন্যাক্রান্ত/অন্যান্য দুর্যোগাক্রান্ত/দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে বিনামূল্যে বিতরনের জন্য ভিজিএফ খাদ্যশস্যের ছাড়পত্র (ডি.ও) প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ৫১.০১.০৪০০.০০০.৪১.০০১.২০-৪১৭ তারিখ ০৯/০৭/২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বছরের পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে বন্যাক্রান্ত/অন্যান্য দুর্যোগাক্রান্ত/দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি পরিবার বর্গকে বিনামূল্যে খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে এ উপজেলায় ০৭(সাত)টি ইউনিয়নের ভিজিএফ কর্মসূচির আওতায় ৮২৬৭ টি কার্ডের বিপরীতে ৮২.৬৭০ মেঃ টন এবং বেতাগী পৌরসভা ৩০৮১টি কার্ডের বিপরীতে ৩০.৮১০ মেঃ টন খাদ্য শস্য নিম্ন বর্নিত শর্ত সাপেক্ষে ০১ নং কলামে ক্রমিক সংখ্যা অনুসারে ০২ নং কলামে ইউনিয়নের নামে ০৩ নং কলামে ট্যাগ অফিসারের উপস্থিতিতে ০৪ নং কলামে কার্ড সংখ্যা অনুযায়ী ০৫ নং কলামে উল্লেখিত পরিমান খাদ্য শস্যের ছাড়পত্র (ডি.ও) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুকূলে প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়ন ও চেয়ারম্যানের নাম | ট্যাগ অফিসারদের নাম ও পদবী | বরাদ্দকৃত কার্ড সংখ্যা | ছাড়কৃত খাদ্য শস্য |
|---|---|---|---|---|
| ১ | জনাব এ বি এম গোলাম কবির,মেয়র বেতাগী পৌরসভা,বেতাগী,বরগুনা। | উপজেলা কৃষি কর্মকর্তা,বেতাগী,বরগুনা। মোবাঃ ০১৭১৭৭১৮৭৬৩ | ৩০৮১টি | ৩০.৮১০ মেঃ টন |
| ২ | জনাব মোঃ নওয়াব হোসেন খান চেয়ারম্যান,বিবিচিনি ইউপি । | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,বেতাগী,বরগুনা। মোবাঃ ০১৭১১২৮৯৭৭০ | ১৩০৮ টি | ১৩.০৮০ মেঃ টন |
| ৩ | জনাব মোঃ নজরুল ইসলাম চেয়ারম্যান,বেতাগী সদর ইউপি । | উপজেলা মৎস্য কর্মকর্তা,বেতাগী,বরগুনা। মোবাঃ ০১৭১৭২৫৪৭০৮ | ১১৮৫ টি | ১১.৮৫০ মেঃ টন |
| ৪ | জনাব মোঃ খলিলুর রহমান চেয়ারম্যান, হোসনাবাদ ইউপি । | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,বেতাগী,বরগুনা। মোবাঃ ০১৯২২৯১৬১০২ | ১২৮৯ টি | ১২.৮৯০ মেঃ টন |
| ৫ | জনাব মোঃ মাহবুব আলম সুজন চেয়ারম্যান,মোকামিয়া ইউপি । | উপজেলা নির্বাচন অফিসার,বেতাগী,বরগুনা। মোবাঃ ০১৭১৯৯৩৯১৯৮ | ১০৭৫ টি | ১০.৭৫০ মেঃ টন |
| ৬ | জনাব সৈয়দ গোলাম রব চেয়ারম্যান,বুড়ামজুমদার ইউপি । | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,বেতাগী,বরগুনা। মোবাঃ ০১৭১২৮০৫২৬৯ | ১১৫১ টি | ১১.৫১০ মেঃ টন |
| ৭ | জনাব মোঃ মোশাররফ হোসেন চেয়ারম্যান,কাজিরাবাদ ইউপি । | ইন্সট্রাক্টর,ইউআরসি,বেতাগী,বরগুনা। মোবাঃ ০১৭১৮২২৮০২১ | ১০৫২ টি | ১০.৫২০ মেঃ টন |
| ৮ | জনাব মোঃ ইমাম হাসান শিপন(জোমাঃ) চেয়ারম্যান,সরিষামুড়ি ইউপি । | উপজেলা সমবায় অফিসার,বেতাগী,বরগুনা। মোবাঃ ০১৭১৪৫৭২৭০২ | ১২০৭ টি | ১২.০৭০ মেঃ টন |
| | | মোট= | ১১৩৪৮ টি | ১১৩.৪৮০মেঃটন |

১। মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অবহিত রেখে মানবিক সহায়তা নির্দেশিকা ২০১২-২০১৩(সংশোধিত) এর আলোকে অনুমোদিত তালিকা মোতাবেক ছাড়কৃত চাল বিতরন করতে হবে।
২। অনুমোদিত তালিকার ০১কপি খাদ্য শস্য বিতরনের পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর ত্রাণ শাখায় দাখিল করতে হবে।
৩। বন্যাক্রান্ত/অন্যান্য দুর্যোগাক্রান্ত/দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি পরিবারকে এ সহায়তা দান করতে হবে।
৪। ভিজিএফ উপকার ভোগীদের তালিকা এমন ভাবে প্রস্তুত করতে হবে যাতে একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ কার্ড না পায়।
৫। আদমশুমারী ২০১১ এর জনসংখ্যা অনুযায়ী ওয়ার্ড ভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুনঃ বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে।
৬। নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে।

ক) যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটা বাড়ী ছাড়া কোন জমি নেই।
খ) যে পরিবার দিনমজুরের আয়ের উপর নির্ভরশীল।
গ) যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
ঘ) যে পরিবার উপর্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
ঙ) যে পরিবরে স্কুলগামী শিশুকে উপর্জনের জন্য কাজ করতে হয়।
চ) যে পরিবারে উপর্জশীল কোন সম্পদ নেই।
ছ) যে পরিবারের প্রধান স্বামী পরিত্যাক্তা,বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা।
জ) যে পরিবারের প্রধান স্বামী অসচ্ছল মুক্তিযোদ্ধা।
ঝ) যে পরিবারের প্রধান অসচ্ছল,অক্ষম ও প্রতিবন্ধি।
ঞ) যে পরিবার প্রাকৃতিক দুর্যোগে স্বীকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
ট) যে পরিবারের সদস্যগণ বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায়না।

৭। মঞ্জুরীকৃত চাল নিম্নবর্নিত শর্তাদি পালনপূর্বক বিলি বন্টন করতে হবে।

ক) ভিজিএফ উপকার ভোগীদের তালিকা এমন ভাবে প্রস্তুত করতে হবে যাতে একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ কার্ড না পায়।
খ) বরাদ্দকৃত চাল মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা,২০১২-২০১৩ অনুসরনপূর্বক যথা নিয়মে বিতরণ করবেন এবং নিরীক্ষার জন্য হিসাব সংরক্ষণ করবেন।
গ) বরাদ্দকৃত খাদ্যশস্য আগামী ২৮-০৭-২০২০ তারিখের মধ্যে উত্তোলন ও বিতরণ করতে হবে।
ঘ) উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে কমপক্ষে ৭০% মহিলাকে অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে।

৮। সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে ১০ কেজি হারে মাষ্টাররোলের মাধ্যমে খাদ্যশস্য বিতরণ নিশ্চিত করতে হবে এবং ঈদুল আযহা পূর্বে বিতরণ করে ০৭ দিনের মধ্যে বিতরন প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর ত্রাণ শাখায় দাখিল করতে হবে।

৯। নিরীক্ষার জন্য যথাযথ হিসাব ও মাষ্টাররোল নিম্নস্বাক্ষরকারীর ত্রাণ শাখায় দাখিল করতে হবে।

২২.৭.২০২

(মোঃ রাজীব আহসান)
উপজেলা নির্বাহী অফিসার
বেতাগী,বরগুনা।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
বেতাগী,বরগুনা[

স্মারক নং ঃ ৫১.০১.৪১০৪.০০০.১৯.০০০২.২০/১২৪২ তারিখঃ ২২.৭.২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় সংসদ সদস্য,নির্বাচনী এলাকা-বরগুনা-০২ ।
২। মহাপরিচালক,দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,ঢাকা ।
৩। জেলা প্রশাসক,বরগুনা।
৪। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বেতাগী,বরগুনা।
৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,বেতাগী,বরগুনা।
৬। জনাব ,.......................................... ট্যাগ অফিসার ,......................................... ইউপি,তাকে ব্যক্তিগত ভাবে উপস্থিত থেকে বিতরন কার্যক্রম নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
৭। চেয়ারম্যান ,..........................................( সকল ইউপি)। তার ইউনিয়নে ছাড়কৃত খাদ্য শস্য নির্ধারিত তারিখের মধ্যে স্থানীয় খাদ্য গুদাম হতে উত্তোরন পূর্বক প্রতি কার্ডের বিপরীতে ১০ কেজি হারে মাষ্টাররোলের মাধ্যমে বিতরন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৮। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
বেতাগী,বরগুনা।